

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

3 OCTOBER 2026

7:45—7:55PM

- (১) শিলচর পৌর নিগম নির্বাচন- ২০২৬ এর ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে সম্পন্ন/ এপর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ভোটের হার ৬৩ দশমিক ৪-৩ শতাংশ/
- (২) আগামী ছয়-ই অক্টোবর অনুষ্ঠিত নগাঁও লোকসভা আসনের উপ-নির্বাচনের প্রচার অভিযানের আগামীকাল সমাপ্তি/
- (৩) জি এস টি ফাঁকি দেওয়া লোকেদের ধরার জন্য রাজ্যের অর্থ বিভাগের পঞ্জীয়নভুক্ত লোকেদের তথ্য বিশ্লেষণ/

এবং

- (৪) এশিয়ান গেম্‌সে ভারতের আজ পাঁচটি স্বর্ণ পদক অর্জন/ পুরুষদের ক্রিকেটের টি-২০তে পাকিস্তানকে পরাজিত করে ভারতের সোনা জয়/

স্বাধীনতার পর শিলচর শহর এলাকার উন্নয়নের জন্য গঠিত স্টেশন কমিটি এবং পরবর্তীতে শিলচর পৌরসভা ও ২০২৪ সালে শিলচর পৌরসভাকে পৌর নিগমে উন্নীত করার পর প্রথমবার অনুষ্ঠিত শিলচর পৌরনিগম নির্বাচন-২০২৬ এর ভোটগ্রহণ আজ অবাধ, সুষ্ঠু ও মোটামোটি শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। নিগম এলাকার মোট ৪২টির মধ্যে ৪০টি ওয়ার্ডে আজ সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটা পর্যন্ত ভোটগ্রহণ হয়েছে। উল্লেখ্য- দুটি ওয়ার্ডে দুই বিজেপি প্রার্থী বীজেন্দ্র প্রসাদ সিং এবং ভক্তি সেন তালুকদার বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ায় ৪০টি ওয়ার্ডেই আজ ভোটগ্রহণ হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের তথ্যে জানা গেছে যে- আজকের পৌর নিগম নির্বাচনে বিকেল সাড়ে চারটা পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী মোট ৬৩ দশমিক ৪-৩ শতাংশ ভোটদানের খবর পাওয়া গেছে। তবে সব খবর আসার পর এই হার আরো বাড়তে পারে।

নিগম নির্বাচনে মোট ১৩১ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য আজ ব্যালট বাক্সে বন্দী হয়েছে। ভোটারের সংখ্যা ছিল ২ লক্ষ ৫৯ হাজার ৪৪৯। এদিকে সকালের দিকে প্রতিকূল আবহাওয়ার জন্য ভোটদানের গতি কিছুটা শ্লথ ছিল। সকাল সাড়ে ন’টা পর্যন্ত ভোটদানের হার ছিল মাত্র ২ দশমিক ৯ শতাংশ। তবে বৃষ্টি কমে আবহাওয়া ধীরে ধীরে স্বাভাবিক হয়ে উঠলে ভোটারদের উপস্থিতিও ক্রমে বাড়তে থাকে। বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রে আজ উৎসাহী ভোটদাতাদের যথেষ্ট উদ্দীপনার সঙ্গে তাদের সাংবিধানিক অধিকার প্রয়োগ করতে দেখা গেছে। তবে সকালে বৃষ্টিতে শিলচরের প্রথম লিংক রোড এলাকায় জমা জলে কৃত্রিম বন্যা সদৃশ পরিস্থিতির সৃষ্টি হওয়ায় সাময়িকভাবে ভোটদানে সমস্যা দেখা দেয়। পরে আবহাওয়া ঠিক হলে পরে পুনরায় পরিস্থিতি স্বাভাবিক হয়।

এদিকে কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে নিগমের ৩০৩টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। কোনও বড়ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়াই মোটামোটি শান্তিপূর্ণভাবে ভোটপর্ব শেষ হয়েছে। শিলচর পৌর নিগমের প্রথমবারের নির্বাচনের ভোট গণনা আগামী ছয়-ই অক্টোবর অর্থাৎ আগামী মঙ্গলবার অনুষ্ঠিত হবে।

#বাইট# (ডি সি)

তবে আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন যে- ২৬ নম্বর ওয়ার্ডের বেরেস্কা এলাকায় ভোটগ্রহণকে কেন্দ্র করে কিছু অভিযোগ ওঠায় ওই এলাকায় সাময়িকভাবে উত্তেজনার সৃষ্টি হয়। সংবাদদাতা আরো জানিয়েছেন যে- বেরেস্কার হাজি আব্দুল মতলিব স্কুলের ভোটগ্রহণ কেন্দ্রে ছাণ্ডা ভোটের অভিযোগকে কেন্দ্র করে অসম গণপরিষদ এবং কংগ্রেস সমর্থকদের মধ্যে বাক-বিতণ্ডা শুরু হয়। পরে বিষয়টি নিয়ে উভয় পক্ষের সমর্থকদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়লে পুলিশ বাহিনী সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে ছুটে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন।

আগামী ৬ অক্টোবর অনুষ্ঠেয় নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের প্রচার অভিযানের আগামীকাল শেষ দিন। শাসক দল বিজেপি সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি দলীয় প্রার্থীদের সমর্থনে জোরদার প্রচার অভিযান চালাচ্ছে। মুখ্যমন্ত্রী ডঃ

হিমন্ত বিশ্বশর্মা আজ নগাঁও জেলার রূপহীঘাট বিধানসভা আসনের জুরিয়া কদমনিতে অনুষ্ঠিত নির্বাচনী সভায় অংশগ্রহণ করে দলীয় প্রার্থী দেবশীষ শর্মার হয়ে প্রচার চালান। মন্ত্রী কেশব মহন্ত, রামেশ্বর তেলী সহ বিজেপি, অগপের বেশ কয়েকজন নেতা এই নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন। অনুরূপভাবে সাংসদ রকিবুল হুসেন কংগ্রেস প্রার্থী শিবামণি বরার সমর্থনে প্রচার চালান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন কী বাতের আজ ১২ বছর সম্পূর্ণ হয়েছে। ২০১৪ সালের আজকের দিনটিতে বিজয়া দশমী উপলক্ষে মন কী বাতের প্রথম পর্ব সম্প্রচার করা হয়েছিল। সম্প্রতি এই অনুষ্ঠানের ১৩৮ তম পর্ব সম্প্রচার করা হয়েছে। এই ১২ বছরে মন কী বাত দেশের বিকাশের যাত্রায় নাগরিকদেরকে উৎসাহিত করা সহ সমগ্র দেশে অব্যাহত থাকা ইতিবাচক পরিবর্তনকে গুরুত্ব দেওয়ার ক্ষেত্রে মঞ্চ প্রদান করে আসছে। এই অনুষ্ঠানের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে শিক্ষা, স্বাস্থ্যসেবা, পরিবেশ সংরক্ষণ, উদ্ভাবন এবং সমাজসেবা সহ বিভিন্ন ক্ষেত্রে পরিবর্তনের সূচনা করা নাগরিকদের অনুপ্রেরণামূলক কাহিনী আলোচনা করা হয়। মন কী বাত আকাশবাণী ও দূরদর্শন সহ এ আই আর নিউজ ওয়েবসাইট, নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপ, এ আই আর নিউজ, ডি ডি নিউজ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইউটিউব চ্যানেল থেকে সরাসরি সম্প্রচার করা হয়।

আসামে সামগ্রী সেবা কর- অর্থাৎ জি এস টি ফাঁকি দেওয়া লোকেদের ধরার জন্য রাজ্যের জি এস টি ব্যবস্থার আওতায় পঞ্জিকৃত লোকেদের তথ্য বিশ্লেষণ করা হচ্ছে এবং এই তথ্য সমূহ কর পরিদর্শক এবং অধীক্ষকদের কাছে পাঠানো হবে। রাজ্যের অর্থমন্ত্রী জয়ন্তমল বড়ুয়া আজ সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে একথা জানিয়েছেন। তিনি বলেন যে- বিগত সময়ে এধরনের তথ্যের ভিত্তিতে জি এস টি ফাঁকি দেওয়া বহুসংখ্যক লোককে ধরা হয়েছে। ভূয়ো আই টি সি ব্যবহার করা বেশকিছু লোককে ধরা হয়েছে বলে তিনি জানিয়েছেন।

#বাইট# (জয়ন্তমল)

এদিকে, জি এস টি ক্ষেত্রের সঙ্গে জড়িত সাইবার অপরাধীদের নিয়ন্ত্রণ করার জন্যে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেছেন।

আসাম সরকার আগামী ১৭ই অক্টোবর দুর্গা পূজার সপ্তমীর দিনটি সরকারী কর্মচারীদের জন্য অতিরিক্ত বন্ধের দিন হিসেবে ঘোষণা করেছে। গত ২৪ শে সেপ্টেম্বরে গ্রহণ করা আসাম মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুসারে ১৭ই অক্টোবরের দিনটি অতিরিক্ত সরকারী বন্ধের দিন হিসেবে ঘোষণা করা হয়েছে। সেই অনুসারে ১৭ই অক্টোবর রাজ্য সরকারের সব কার্যালয়, রাজস্ব এবং ম্যাজিস্ট্রেটের আদালত বন্ধ থাকবে।

জাগীরোডের সেমি কন্ডাক্টর প্রকল্পের যত্নাংশ সংলগ্নকরণ পরীক্ষক দলের কাজ আগামী ডিসেম্বর - জানুয়ারী মাসে আরম্ভ হওয়ার সম্ভাবনা রয়েছে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা জাগীরোডে অনুষ্ঠিত এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করে সাংবাদিকদের একথা জানান। জাগীরোডের এই সেমি কন্ডাক্টর প্রকল্প সমগ্র বিশ্বের মধ্যে সবচেঁহতে বেশি চিপ প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

শ্রীভূমি জেলায় ‘সেবা জ্যোতি কলস যাত্রা - বিকশিত ভারত কা সংকল্প’ কার্যসূচীর সফল বাস্তবায়নের জন্য আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় কার্যসূচীর পরিকল্পনা, বাস্তবায়ন প্রক্রিয়া, আন্তঃ বিভাগীয় সমন্বয় ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়। সভায় শ্রীভূমি জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারীক মুন গগৈ সহ অতিরিক্ত জেলা আয়ুক্ত, সহকারী আয়ুক্ত এবং বিভিন্ন বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

শ্রীভূমি জেলার গান্ধাই বালিয়ার জীবনজ্যোতি হাসপাতালের পক্ষ থেকে আজ আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ক্যান্সার বিশেষজ্ঞ ডঃ ভি এম শঙ্কর রেড্ডিকে বিশেষ সম্বর্ধনা জ্ঞাপন করা হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে যে ডঃ রেড্ডি গত ২৪ বছরে ২০ হাজারেরও বেশী রোগীর সফল অস্ত্রোপচার করেছেন এবং বিগত কয়েক মাস আগে তাঁকে লন্ডনে আন্তর্জাতিক ‘গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ড’এ সম্মানিত করা হয়। প্রত্যন্ত গান্ধাই বালিয়া এলাকায় উন্নত ক্যান্সার চিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়ার এই উদ্যোগ স্থানীয় লোকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন।

জাপানের নাগোয়াতে অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারতের অমন সেহরাওত আজ পুরুষদের কুস্তির ৫৭ কিলোগ্রাম ওজন শাখায় উত্তর কোরিয়ার বিশ্ব চ্যাম্পিয়ন চং

সং হানকে ১১-৭ ফলাফলে পরাজিত করে সোনার পদক লাভ করেছে। এদিকে দীপক পুনিয়া আজ পুরুষদের কুস্তির ৯৭ কিলোগ্রাম ওজন শাখার ফ্রিষ্টাইলে মঙ্গোলিয়ার গানখুয়াগ গানবাটারকে পরাজিত করে ব্রোঞ্জ পদক লাভ করেছে। এই নিয়ে ভারত চলতি এশিয়ান গেমসের কুস্তির ফ্রিষ্টাইল শাখায় তিনটি পদক লাভ করেছে। এর পূর্বে সুরজিৎ কলকল এবং অমন এই শাখায় সোনার পদক লাভ করেছে। এশিয়ান গেমসে পুরুষদের টি-২০ ক্রিকেটের ফাইনালে ভারত আজ পাকিস্তানকে ১৯ রানে পরাজিত করে সোনার পদক অর্জন করেছে। খেলাটিতে ভারত টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ২১১ রান সংগ্রহ করে। প্রত্যুত্তরে পাকিস্তান ২০ ওভারে ৬ উইকেটের বিনিময়ে মাত্র ১৯২ রান করতে সমর্থ হয়।

উল্লেখ্য, এশিয়ান গেমসে ভারত এপর্যন্ত ২০ টি সোনা, ২৬ টি রূপো এবং ৩৭ টি ব্রোঞ্জ সহ মোট ৮৩ টি পদক পেয়ে পদক তালিকার চতুর্থ স্থানে রয়েছে।
